# বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

## পাঠ পরিকল্পনা - ০৪

## হিসাববিজ্ঞান প্রথমপত্র

## সপ্তম অধ্যায়: কার্যপত্র

### ক্লাস - ০১

সময়: ৪৫ মিনিট

**আলোচ্য সূচি:**

- মূলধন ও মুনাফা জাতীয় আয়-ব্যয়ের ধারণা
- নগদভিত্তিক ও বকেয়াভিত্তিক হিসাববিজ্ঞান

**শিখনফল (Learning Outcome):**

- মূলধন জাতীয় আয় ও ব্যয় কী তা বর্ণনা করতে পারবে।
- মুনাফা জাতীয় আয় ও ব্যয় কী তা বর্ণনা করতে পারবে।
- মূলধন ও মুনাফা জাতীয় আয় ও ব্যয় শনাক্ত করতে পারবে।
- নগদভিত্তিক ও বকেয়াভিত্তিক হিসাবরক্ষণের পার্থক্য নিরূপণ করতে পারবে।

**নমুনা প্রশ্ন :**

**সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন:**

প্রশ্ন: মুনাফা জাতীয় আয় কোনটি?
ক) পণ্য ক্রয় খ) পণ্য বিক্রয় গ) সম্পত্তি বিক্রয় ঘ) মজুরি
উত্তর: (খ)

প্রশ্ন: নিচের কোনটি মুনাফা জাতীয় ব্যয়?
ক) সুদ খরচ খ) প্রাথমিক খরচাবলি গ) বিলম্বিত বিজ্ঞাপন ঘ) শেয়ার অবহার
উত্তর: (খ)

প্রশ্ন: কোনটি মূলধন জাতীয় প্রাপ্তি?
ক) পুরাতন আসবাবপত্র বিক্রয় খ) নগদ বিক্রয় গ) কমিশন প্রাপ্তি ঘ) ভাড়া প্রাপ্তি
উত্তর: (ক)

প্রশ্ন: কোনটি মূলধনজাতীয় ব্যয়?
ক) ইজারা সম্পত্তি অবলোপন খ) পণ্য ক্রয় গ) আসবাবপত্র ক্রয় ঘ) সুনাম অবলোপন
উত্তর: (গ)

প্রশ্ন: মূলধনজাতীয় ব্যয় কোনটি?
ক) বেতন খরচ খ) পণ্য ক্রয় গ) সম্পত্তি ক্রয় ঘ) প্রারম্ভিক মজুদ
উত্তর: (গ)

প্রশ্ন: যন্ত্রপাতির আধুনিকীকরণ খরচ কী জাতীয় লেনদেন?
ক) মূলধন জাতীয় ব্যয় খ) মুনাফা জাতীয় ব্যয় গ) বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় ঘ) পৌন:পুনিক ব্যয়
উত্তর: (ক)

প্রশ্ন: দালানকোঠার সম্প্রসারণ কোন জাতীয় ব্যয়?
ক) পরিবর্তনশীল খ) বিলম্বিত মুনাফা জাতীয় গ) মুনাফা জাতীয় ঘ) মূলধন জাতীয়
উত্তর: (ঘ)

প্রশ্ন: বৈদ্যুতিক সংস্থাপন ব্যয় কোন জাতীয় ব্যয়?
ক) মূলধন জাতীয় খ) মুনাফা জাতীয় ব্যয় গ) বিলম্বিত মুনাফা জাতীয় ঘ) পরিবর্তনশীল
উত্তর: (ক)

প্রশ্ন: মেয়াদ অনুত্তীর্ণ বিজ্ঞাপন কোন ধরণের ব্যয়?
ক) মূলধন জাতীয় খ) মুনাফা জাতীয় গ) বিলম্বিত মুনাফা জাতীয় ঘ) পৌন:পৌণিক
উত্তর: (গ)

প্রশ্ন: বিলম্বিত বিজ্ঞাপন খরচ ব্যবসায়ে একটি -
ক) স্থায়ী সম্পদ খ) চলতি সম্পদ গ) ভুয়া/অলীক/কাল্পনিক সম্পদ ঘ) অদৃশ্যমান সম্পদ
উত্তর: (গ)

প্রশ্ন: মি. অনিক একজন ব্যবসায়ী। তিনি পুন:বিক্রয়ের উদ্দেশ্যে কিছুসংখ্যক নতুন মেশিন ক্রয় করেন। এটি কোন ধরণের ব্যয়?

ক) মূলধন জাতীয় খ) মুনাফা জাতীয় গ) বিলম্বিত মুনাফা জাতীয় ঘ) মূলধনায়িত

উত্তর: (ক)

প্রশ্ন: মোট প্রাপ্ত কমিশন ৫,০০০ টাকার মধ্যে ২,০০০ টাকা পরবর্তী হিসাব বছরের হলে চলতি হিসাব বছরের মুনাফা জাতীয় আয়ের পরিমাণ কত?

ক) ২,০০০ টাকা খ) ৩,০০০ টাকা গ) ৫,০০০ টাকা ঘ) ৭,০০০ টাকা

উত্তর: (খ)

প্রশ্ন: পণ্য বিক্রয় ৫,০০০ টাকার। যার মধ্যে ৩,০০০ টাকা বাকীতে হলে নগদভিত্তিক পদ্ধতিতে বিক্রয় হিসাব-এ কত টাকা লিপিবদ্ধ করতে হবে?

ক) ২,০০০ টাকা খ) ৩,০০০ টাকা গ) ৫,০০০ টাকা ঘ) ৭,০০০ টাকা

উত্তর: (ক)

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন

প্রশ্ন: মূলধন জাতীয় খরচ হলো -

i. যন্ত্রপাতি ক্রয়
ii. যন্ত্রপাতির সংস্থাপন ব্যয়
iii. যন্ত্রপাতি মেরামত ব্যয়

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

উত্তর: (ক)

প্রশ্ন: বিলম্বিত খরচের উদাহরণ হলো -

i. প্রাথমিক খরচ
ii. বিলম্বিত বিজ্ঞাপন খরচ
iii. নতুন পণ্যের গবেষণা ও উন্নয়ন খরচ

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

উত্তর: (ঘ)

প্রশ্ন: ঋণপত্রের সুদ একটি মুনাফা জাতীয় ব্যয় কারণ -

i. সুদ প্রতি বছর দিতে হয়
ii. এর ফল দীর্ঘস্থায়ী নয়
iii. ইহা কারবারের নিট আয় হ্রাস করে

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

উত্তর: (ঘ)

প্রশ্ন: বকেয়াভিত্তিক হিসাব ব্যবস্থায় যে লেনদেন অন্তর্ভুক্ত করা হয় তা হলো -

i. নগদ লেনদেন
ii. অগ্রিম লেনদেন
iii. বকেয়া লেনদেন

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

উত্তর: (ঘ)

প্রশ্ন: নগদভিত্তিক হিসাব ব্যবস্থায় লিপিবদ্ধ হয় -

i. নগদ প্রাপ্তি সংক্রান্ত লেনদেন
ii. নগদ প্রদান সংক্রান্ত লেনদেন
iii. বকেয়া ও অ-নগদ সংক্রান্ত লেনদেন

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

উত্তর: (ক)

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন

**উদ্দীপকটি পড়ো এবং পরবর্তী ২টি প্রশ্নের উত্তর দাও:**

**মি. কামাল একজন আসবাবপত্র ব্যবসায়ী। তিনি বিক্রয়ের উদ্দেশ্যে ৫,০০০ টাকার আসবাবপত্র ক্রয় করেন এবং ৫০০ টাকা পরিবহন খরচ প্রদান করেন।**

প্রশ্ন: আসবাবপত্র ক্রয়ের ঘটনাটি কোন ধরণের ব্যয়?

ক) মুনাফা জাতীয় ব্যয় খ) মূলধন জাতীয় ব্যয় গ) পরিচালন ব্যয় ঘ) স্থায়ী ব্যয়

উত্তর: (খ)

প্রশ্ন: মি. কামালের মোট মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ কত?

ক) ৫০০ টাকা খ) ৪,৫০০ টাকা গ) ৫,০০০ টাকা ঘ) ৫,৫০০ টাকা

উত্তর: (ঘ)

**উদ্দীপকটি পড়ো এবং পরবর্তী ২টি প্রশ্নের উত্তর দাও:**

**মি. রাফিদ ব্যবসায়ে ব্যবহারের জন্য একটি মোটরগাড়ি ক্রয় করেন। গাড়িটির ক্রয়মূল্য ৫,০০,০০০ টাকা। এর মেরামত ব্যয় ২০,০০০ টাকা। ক্রয়ের তারিখে মোটরগাড়িটি চালু করার জন্য ২,০০০ টাকা মেরামত বাবদ খরচ হয়। মাসিক পরিচালন ব্যয় ১০,০০০ টাকা।**

প্রশ্ন: মি. রাফিদের বার্ষিক মুনাফা জাতীয় ব্যয় কত?

ক) ১০,০০০ টাকা খ) ২০,০০০ টাকা গ) ১,২০,০০০ টাকা ঘ) ১,৪০,০০০ টাকা

উত্তর: (ঘ)

প্রশ্ন: মি. রাফিদের মূলধন জাতীয় ব্যয় কত?

ক) ১০,০০০ টাকা খ) ২০,০০০ টাকা গ) ৫,০০,০০০ টাকা ঘ) ৫,০২,০০০ টাকা

উত্তর: (ঘ)

**বিশেষ পরামর্শ/মন্তব্য:**

- আলোচ্য বিষয়ের উপর সাধারণত বহুনির্বাচনি প্রশ্ন হয়ে থাকে। বিগত তিনবছরের বিভিন্ন শিক্ষা বোর্ডের প্রশ্নগুলির ওপর ভালোভাবে প্রস্তুতি নিবে।
- আলোচ্য বিষয়ের উপর কোন সৃজনশীল প্রশ্ন হবে না।

<><><><><><><><><><><><><><>

## বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

### পাঠ পরিকল্পনা - ০৪

### হিসাববিজ্ঞান প্রথমপত্র

### সপ্তম অধ্যায়: কার্যপত্র

### ক্লাস-০২

**সময়: ৪৫ মিনিট**

**আলোচ্য সূচি:**

- সমন্বয় দাখিলার ধারণা
- সমন্বয় দাখিলার প্রয়োজনীয়তা
- সমন্বয় দাখিলার প্রকারভেদ
- সমন্বয় জাবেদা দাখিলা

**শিখনফল (Learning Outcome):**

- সমন্বয় দাখিলা কী তা বলতে পারবে।
- সমন্বয় দাখিলার প্রয়োজনীয়তা/গুরুত্ব বর্ণনা করতে পারবে।
- বিভিন্ন প্রকার সমন্বয় দাখিলা কী তা বর্ণনা পারবে।
- হিসাবের বইতে যথাযথভাবে সমন্বয় দাখিলা লিপিবদ্ধ করতে পারবে।

**নমুনা প্রশ্ন :**

**সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন:**

প্রশ্ন: বকেয়া ও অগ্রিমসমূহ লিপিবদ্ধ করার জন্য নিচের কোন দাখিলা দেয়া হয়?

ক) সমন্বয় দাখিলা খ) সমাপনী দাখিলা গ) বিপরীত দাখিলা ঘ) স্থানান্তর দাখিলা

উত্তর: (ক)

প্রশ্ন: অবচয় হিসাবভুক্ত করার জন্য কোন জাবেদা দেয়া হয়?

ক) সমাপনী দাখিলা খ) সমন্বয় দাখিলা গ) বিপরীত দাখিলা ঘ) স্থানান্তর দাখিলা

উত্তর: (খ)

প্রশ্ন: অগ্রিম খরচ সমন্বয় হলে -

ক) খরচ হ্রাস ও সম্পদ বৃদ্ধি পায়

খ) সম্পদ বৃদ্ধি ও খরচ বৃদ্ধি পায়

গ) সম্পদ বৃদ্ধি ও দায় বৃদ্ধি পায়
ঘ) খরচ বৃদ্ধি ও সম্পদ হ্রাস পায়
উত্তর: (ঘ)

প্রশ্ন: অগ্রিম বিমা উত্তীর্ণ হয়েছে এর জন্য সমন্বয় দাখিলায় ক্রেডিট হবে কোনটি?

ক) বিমা হিসাব খ) অগ্রিম বিমা হিসাব গ) জীবন বিমা হিসাব ঘ) অগ্নি বিমা হিসাব

উত্তর: (খ)

প্রশ্ন: ক্রয়কৃত পণ্য বিজ্ঞাপনের উদ্দেশ্যে বিনামূল্যে বিতরণ করা হলে তার জন্য সমন্বয় জাবেদা হবে কোনটি?

ক) বিজ্ঞাপন হিসাব ডেবিট , নগদান হিসাব ক্রেডিট
খ) ক্রয় হিসাব ডেবিট , বিজ্ঞাপন হিসাব ক্রেডিট
গ) বিজ্ঞাপন হিসাব ডেবিট , বিলম্বিত বিজ্ঞানপন হিসাব ক্রেডিট
ঘ) বিজ্ঞাপন হিসাব ডেবিট , ক্রয় হিসাব ক্রেডিট

উত্তর: (ঘ)

## ✪ বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন

প্রশ্ন: বকেয়া খরচ সমন্বয় করার জন্য জাবেদা না দিলে -

i. মুনাফা বেশি দেখানো হবে
ii. খরচ কম দেখানো হবে
iii. মুনাফা কম দেখানো হবে

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

উত্তর: (ক)

প্রশ্ন: অব্যবহৃত সাপ্লাইজ সমন্বয় করা হয় -

i. সাপ্লাইজ থেকে বাদ দিয়ে
ii. সাপ্লাইজের সাথে যোগ করে
iii. চলতি সম্পদ হিসাবে প্রদর্শন করে

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

উত্তর: (খ)

## ✪ অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন

**উদ্দীপকটি পড়ো এবং পরবর্তী ২টি প্রশ্নের উত্তর দাও:**
**জনাব ইমন ২০১৯ সালে প্রচারের উদ্দেশ্যে ৬,০০০ টাকার পণ্য বিতরণ করেন যা হিসাবভুক্ত হয়নি। রেওয়ামিলে উক্ত বছরের বিজ্ঞাপন খরচ ছিল ২৪,০০০ টাকা।**

প্রশ্ন: প্রচারের উদ্দেশ্যে পণ্য বিতরণ হিসাবভুক্তকরণের সমন্বয় দাখিলায় 'বিজ্ঞাপন হিসাব'কে কত টাকা দ্বারা ডেবিট করা হবে?

ক) ৬,০০০ টাকা খ) ১৮,০০০ টাকা গ) ২৪,০০০ টাকা ঘ) ৩০,০০০ টাকা

উত্তর: (ক)

প্রশ্ন: বিজ্ঞাপন খরচের এক-তৃতীয়াংশ বিলম্বিত করা হলে, সমন্বয় দাখিলায় 'বিজ্ঞাপন হিসাব'কে কত টাকা দ্বারা ক্রেডিট করা হবে?

ক) ৬,০০০ টাকা খ) ১০,০০০ টাকা গ) ২০,০০০ টাকা ঘ) ৩০,০০০ টাকা

উত্তর: (খ)

**উদ্দীপকটি পড়ো এবং পরবর্তী ২টি প্রশ্নের উত্তর দাও:**
**জনাব আদনানের ২০১৯ সালের বিজ্ঞাপন খরচ ছিল ৫০,০০০ টাকা। তিনি ২০,০০০ টাকার পণ্য বিনামূল্যে বিতরণ করেন যা হিসাবভুক্ত হয়নি।**

প্রশ্ন: মোট বিজ্ঞাপন খরচের এক-চতুর্থাংশ বিলম্বিত করা হলে, বিলম্বিত বিজ্ঞাপন খরচের পরিমাণ কত হবে?

ক) ১২,৫০০ টাকা খ) ১৭,৫০০ টাকা গ) ৩৭,৫০০ টাকা ঘ) ৫২,৫০০ টাকা

উত্তর: (খ)

প্রশ্ন: মোট বিজ্ঞাপন খরচের তিন-চতুর্থাংশ বিলম্বিত করা হলে, বিলম্বিত বিজ্ঞাপন খরচের পরিমাণ কত হবে?

ক) ১২,৫০০ টাকা খ) ১৭,৫০০ টাকা গ) ৩৭,৫০০ টাকা ঘ) ৫২,৫০০ টাকা

উত্তর: (ঘ)

**বিশেষ পরামর্শ/মন্তব্য:**

- ✪ আলোচ্য বিষয়ের উপর সাধারণত বহুনির্বাচনি প্রশ্নও হয়ে থাকে। বিগত ২০১৭, ২০১৮ ও ২০১৯ সালের বিভিন্ন শিক্ষা বোর্ডের প্রশ্নগুলির ওপর ভালোভাবে প্রস্তুতি নিবে।
- ✪ আলোচ্য বিষয়ের উপর সৃজনশীল প্রশ্নও থাকে। যা ব্যবহারিক সমস্য সমাধানের সময় বিস্তারিত আলোচনা করা হবে।

<><><><><><><><><><><><><><>

# বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

## পাঠ পরিকল্পনা - ০৪

## হিসাববিজ্ঞান প্রথমপত্র

## সপ্তম অধ্যায়: কার্যপত্র

## ক্লাস-০৩

**সময়: ৪৫ মিনিট**

**আলোচ্য সূচি:**

- সমাপনী দাখিলা
- বিপরীত দাখিলা

**শিখনফল (Learning Outcome):**

- হিসাবের বইতে যথাযথভাবে সমাপনী দাখিলা লিপিবদ্ধ করতে পারবে।
- হিসাবের বইতে যথাযথভাবে বিপরীত দাখিলা লিপিবদ্ধ করতে পারবে।
- সমন্বয় দাখিলা, সমাপনী দাখিলা ও বিপরীত দাখিলার মধ্যে পার্থক্য বলতে পারবে।

**নমুনা প্রশ্ন :**

**সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন**

প্রশ্ন: বিপরীত জাবেদা দাখিলা কখন প্রদান করা হয়?
ক) বিগত হিসাবকালের শেষে
খ) চলতি হিসাবকালের শুরুতে
গ) চলতি হিসাবকালের শেষে
ঘ) পরবর্তী হিসাবকালের শুরুতে
উত্তর: (ঘ)

প্রশ্ন: যে দাখিলার দ্বারা নামিক হিসাবসমূহ বন্ধ করা হয় তাকে কী বলে?
ক) সমন্বয় দাখিলা খ) সমাপনী দাখিলা গ) বিপরীত দাখিলা ঘ) স্থানান্তর দাখিলা
উত্তর: (গ)

প্রশ্ন: নিচের কোন সমন্বয় দফাটির বিপরীত দাখিলা প্রদান করা যায় না?
ক) অনাদায়ী পাওনা প্রভিশন খ) প্রদেয় খরচ গ) প্রাপ্য আয় ঘ) অনুপার্জিত আয়
উত্তর: (ক)

প্রশ্ন: সমাপনী দাখিলার উদ্দেশ্য কী?
ক) সকল সম্পদ হিসাব বন্ধ করা খ) সকল দায় হিসাব বন্ধ করা গ) সকল আয়-ব্যয় হিসাব বন্ধ করা ঘ) সকল হিসাব বন্ধ করা
উত্তর: (গ)

প্রশ্ন: সমাপনী জাবেদা দাখিলার পর কোন হিসাবের জের শূণ্য হবে?
ক) প্রদেয় বেতন খ) অগ্রিম ভাড়া গ) বিমা খরচ ঘ) পুঞ্জিভূত অবচয়
উত্তর: (গ)

**বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন**

প্রশ্ন: বিপরীত দাখিলার জন্য প্রযোজ্য -
i. প্রাপ্য সেবা আয়
ii. প্রদেয় মজুরি
iii. সরঞ্জামের অবচয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii
উত্তর: (ক)

প্রশ্ন: সমাপনী দাখিলা দ্বারা -
i. নামিক হিসাব বন্ধ করা হয়
ii. উত্তোলনকে মূলধনে স্থানান্তর করা হয়
iii. চলতি বছেরর হিসাব খোলা হয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii
উত্তর: (ক)

✪ অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন:

**উদ্দীপকটি পড়ো এবং পরবর্তী ২টি প্রশ্নের উত্তর দাও:**

**জনাব রিফাত তার ব্যবসায়ের পূর্ববর্তী হিসাবকালের বকেয়া ও অগ্রিম আয়-ব্যয়সমূহের হিসাবভুক্তির জন্য হিসাবকালের শুরুতে এক প্রকার জাবেদা দাখিলা ব্যবহার করেন। তিনি বলে এরুপ দাখিলার সাথে সমন্বয় দাখিলা ছাড়া অন্য কোন দাখিলা সম্পর্ক নেই।**

প্রশ্ন: রিফাত বছরের শুরুতে কোন ধরণের জাবেদা দাখিলা ব্যবহার করেন?

ক) সমন্বয় দাখিলা খ) সমাপনী দাখিলা গ) বিপরীত দাখিলা ঘ) স্থানান্তর দাখিলা

উত্তর: (গ)

প্রশ্ন: রিফাত নিচের কোন ধরণের হিসাবের জন্য বছরের শুরুতে উক্ত দাখিলা ব্যবহার করেন?

ক) অনাদায়ী পাওনা প্রভিশন খ) প্রদেয় খরচ গ) সুনাম অবলোপন ঘ) অনুপার্জিত আয়

উত্তর: (খ)

**বিশেষ পরামর্শ/মন্তব্য:**

- ✪ আলোচ্য বিষয়ের উপর সাধারণত বহুনির্বাচনি প্রশ্নও হয়ে থাকে। বিগত ২০১৭, ২০১৮ ও ২০১৯ সালের বিভিন্ন শিক্ষা বোর্ডের প্রশ্নগুলির ওপর ভালোভাবে প্রস্তুতি নিবে।
- ✪ আলোচ্য বিষয়ের উপর সৃজনশীল প্রশ্নও থাকে। যা ব্যবহারিক সমস্য সমাধানের সময় বিস্তারিত আলোচনা করা হবে ।

<><><><><><><><><><><><><><><><><><><><><>

## বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

### পাঠ পরিকল্পনা - ০৪

### হিসাবিবজ্ঞান প্রথমপত্র

### সপ্তম অধ্যায়: কার্যপত্র

### ক্লাস-০৪

**সময়: ৪৫ মিনিট**

**আলোচ্য সূচি:**

- ✪ কার্যপত্র ও এর বৈশিষ্ট্য
- ✪ কার্যপত্রের উদ্দেশ্য
- ✪ কার্যপত্রের প্রকারভেদ
- ✪ কার্যপত্রের উপাদান
- ✪ কার্যপত্র প্রস্তুতকরণ

**শিখনফল (Learning Outcome):**

- কার্যপত্র কী তা বর্ণনা করতে পারবে।
- কার্যপত্র প্রস্তুতের উদ্দেশ্য বর্ণনা করতে পারবে।
- কার্যপত্রের প্রকারভেদ বলতে পারবে।
- কার্যপত্রের উপদানসমূহ কী কী তা বর্ণনা করতে পারবে।
- কার্যপত্র প্রস্তুতের ধাপগুলি বর্ণণা করতে পারবে।
- ৮/১০/১২ ঘরবিশিষ্ট কার্যপত্র প্রস্তুত করতে পারবে।

**নমুনা প্রশ্ন :**

✪ সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন:

প্রশ্ন: কার্যপত্র হলো এক ধরণের -

ক) জাবেদা খ) খতিয়ান গ) খসড়া কাজ ঘ) আর্থিক বিবরণী

উত্তর: (গ)

প্রশ্ন: নিচের কোনটি প্রস্তুতকরণ হিসাব চক্রের ঐচ্ছিক কাজ?

ক) জাবেদা খ) খতিয়ান গ) কার্যপত্র ঘ) রেওয়ামিল

উত্তর: (গ)

প্রশ্ন: নিচের কোনটিকে সহকারী বিবরণী বলা হয়?

ক) কার্যপত্র খ) খতিয়ান গ) আয় বিবরণী ঘ) রেওয়ামিল

উত্তর: (ক)

প্রশ্ন: নিচের কোনটি হিসাবের বইতে না লিখে পৃথক কাগজে প্রস্তুত করা হয়?
ক) জাবেদা খ) কার্যপত্র গ) খতিয়ান ঘ) আর্থিক বিবরণী
উত্তর: (খ)
প্রশ্ন: আর্থিক বিবরণী প্রস্তুতের Road Map কোনটিকে বলা হয়?
ক) আয় বিবরণী খ) খতিয়ান গ) কার্যপত্র ঘ) রেওয়ামিল
উত্তর: (গ)
প্রশ্ন: আর্থিক বিবরণীর চূড়ান্ত রূপ দেয়ার পূর্বে কোনটি তৈরি করা হয়?
ক) জাবেদা খ) খতিয়ান গ) রেওয়ামিল ঘ) কার্যপত্র
উত্তর: (ঘ)
প্রশ্ন: কার্যপত্র প্রস্তুতে ধাপ সাধারণত কয়টি?
ক) দুই খ) তিন গ) চার ঘ) পাঁচ
উত্তর: (ঘ)
প্রশ্ন: ৮ ঘরবিশিষ্ট কার্যপত্রে নিচের কোন শিরোনামটির প্রয়োজন নেই?
ক) সমন্বয় খ) আর্থিক অবস্থার বিবরণী গ) বিশদ আয় বিবরণী ঘ) সমন্বিত রেওয়ামিল
উত্তর: (ঘ)
প্রশ্ন: কার্যপত্রে নিট ক্ষতিকে কোন দিকে দেখানো হয়?
ক) বিশদ আয় বিবরণী ডেবিট ও আর্থিক অবস্থার বিবরণীর ডেবিট দিকে
খ) বিশদ আয় বিবরণী ক্রেডিট ও আর্থিক অবস্থার বিবরণীর ক্রেডিট দিকে
গ) বিশদ আয় বিবরণী ক্রেডিট ও আর্থিক অবস্থার বিবরণীর ডেবিট দিকে
ঘ) বিশদ আয় বিবরণী ডেবিট ও আর্থিক অবস্থার বিবরণীর ক্রেডিট দিকে
উত্তর: (গ)

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন

প্রশ্ন: কার্যপত্র হতে পারে -
i. ৮ কলাম বিশিষ্ট
ii. ১০ কলাম বিশিষ্ট
iii. ১২ কলাম বিশিষ্ট
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii
উত্তর: (ঘ)
প্রশ্ন: কার্যপত্র পত্রের উপাদান হচ্ছে -
i. সমন্বিত রেওয়ামিল
ii. বিশদ আয় বিবরণী
iii. আর্থিক অবস্থার বিবরণী
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii
উত্তর: (ঘ)
প্রশ্ন: ১০ ঘরা কার্যপত্রের যে কলামগুলো নেয়া হয় না -
i. মালিকানা স্বত্ব বিবরণী
ii. বিশদ আয় বিবরণী
iii. সংরক্ষিত আয় বিবরণী
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii
উত্তর: (খ)

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন

**উদ্দীপকটি পড়ো এবং পরবর্তী ২টি প্রশ্নের উত্তর দাও:**
**কার্যপত্রের রেওয়ামিলে বেতন ২৫,০০০ টাকা। সমন্বয়ে বকেয়া বেতন ৫,০০০ টাকা।**
প্রশ্ন: ১০ঘরা কার্যপত্রে ‘সমন্বিত রেওয়ামিল’ কলামে বেতন কত দেখাতে হবে?
ক) ৫,০০০ টাকা খ) ২০,০০০ টাকা গ) ২৫,০০০ টাকা ঘ) ৩০,০০০ টাকা
উত্তর: (ঘ)

প্রশ্ন: ১০ঘরা কার্যপত্রে বকেয়া বেতন কোথায় দেখাতে হবে?
ক) সমন্বয়, বিশদ আয় বিবরণী ও আর্থিক অবস্থার বিবরণীতে
খ) সমন্বয়, সমন্বিত রেওয়ামিল ও বিশদ আয় বিবরণীতে
গ) সমন্বিত রেওয়ামিল, বিশদ আয় বিবরণী ও আর্থিক অবস্থার বিবরণীতে
ঘ) সমন্বয়, সমন্বিত রেওয়ামিল ও আর্থিক অবস্থার বিবরণীতে
উত্তর: (ঘ)

**বিশেষ পরামর্শ/মন্তব্য:**

- ✪ অলোচ্য বিষয়ের ওপর সাধারণত বহুনির্বাচনি প্রশ্ন হয়। অতএব, উল্লেখিত বহুনির্বাচনি প্রশ্নগুলো অবশ্যই শিখে নিবে। এছাড়া বিগত ২০১৭, ২০১৮ ও ২০১৯ সালের বিভিন্ন শিক্ষা বোর্ডের প্রশ্নগুলির ওপরও ভালোভাবে প্রস্তুতি নিবে।
- ✪ আলোচ্য বিষয়ের ওপর সৃজনশীল প্রশ্নও হয়। সৃজনশীল প্রশ্ন নিয়ে ব্যবহারিক সমস্যা সমাধানের সময় বিস্তারিত আলোচনা করা হবে।

<><><><><><><><><><><><><><>

## বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম
## পাঠ পরিকল্পনা - ০৪
## হিসাবিবজ্ঞান প্রথমপত্র
## সপ্তম অধ্যায়: কার্যপত্র

### ক্লাস-০৫

**সময়: ৪৫ মিনিট**

**আলোচ্য সূচি:**

- ✪ কার্যপত্র প্রস্তুত সংক্রান্ত  ব্যবহারিক সমস্যার সমাধান(সেবাদানকারী/পেশাজীবী প্রতিষ্ঠান)

**শিখনফল (Learning Outcome):**

- মুনাফা ও মূলধন জাতীয় আয়-ব্যয় শনাক্ত করে কার্যপত্র প্রস্তুত করতে পারবে।

**নমুনা প্রশ্ন :**

নিচের রেওয়ামিলটি মোহীনি এন্টারপ্রাইজ এর হিসাব বই হতে নেয়া হয়েছে:

মোহীনি এন্টারপ্রাইজ
৩১ ডিসেম্বর ২০১৯ খিস্টাব্দ
রেওয়ামিল

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---:|---:|
| অগ্রিম ভাড়া (২০% বিক্রয় সংক্রান্ত) | ২০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ৩০,০০০ | |
| অফিস সরঞ্জাম | ১,২০,০০০ | |
| সাপ্লাইজ খরচ | ১০,০০০ | |
| উত্তোলন - মোহীনি | ২৫,০০০ | |
| অগ্রিম বিমা | ১২,০০০ | |
| বেতন খরচ (৮০% অফিস সংক্রান্ত) | ২৮,০০০ | |
| অফিস খরচ | ১৫,০০০ | |
| প্রদেয় হিসাব | | ৩০,০০০ |
| মূলধন - মোহীনি | | ১,০০,০০০ |
| সেবা আয় | | ১,৩০,০০০ |
| মোট= | ২,৬০,০০০ | ২,৬০,০০০ |

**সমন্বয়সমূহ:**

a) বেতন খরচ অপরিশোধিত রয়েছে ৮,০০০ টাকা।
b) অগ্রিম ভাড়ার ১২,০০০ টাকা মেয়াদ উত্তীর্ণ হয়েছে।
c) অনুপার্জিত সেবা আয় ১০,০০০ টাকা সেবা আয়ের অন্তর্ভুক্ত রয়েছে।
d) অফিস সরঞ্জামের ওপর ১০% হারে অবচয় ধরতে হবে।

**করনীয়সমূহ:**

ক) বিক্রয় খরচের পরিমাণ নির্ণয় কর।

খ) প্রয়োজনীয় সমন্বয় দাখিলা দাও।

গ) প্রয়োজনীয় বিপরীত দাখিলা দাও।

ঘ) উপযুক্ত ঘর বিশিষ্ট একটি কার্যপত্র (Worksheet) প্রস্তুত কর।

**বাড়ীর কাজ :**

বিজয় ট্রাভেল্স-এর ৩১ ডিসেম্বর ২০১৯ সালে প্রস্তুতকৃত রেওয়ামিল নিচে দেয়া হলো:

বিজয় ট্রাভেল্স
৩১ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ
সমন্বিত রেওয়ামিল

| বিবরণ | অসমন্বিত রেওয়ামিল | | সমন্বিত রেওয়ামিল | |
|---|---|---|---|---|
| | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
| হাতে নগদ | ২,৫০,০০০ | | ২,৫০,০০ | |
| অগ্রিম বিমা | ৩৬,০০০ | | ৯,০০০ | |
| আসবাবপত্র | ১,৪০,০০০ | | ১,৪০,০০০ | |
| পুঞ্জিভূত অবচয়-আসবাবপত্র | | ১৬,০০০ | | ৩০,০০০ |
| অনুপার্জিত সেবা | | | | ১০,০০০ |
| প্রদেয় ভাড়া | | | | ৮,০০০ |
| মূলধন | | ১,৫০,০০০ | | ১,৫০,০০০ |
| সেবা আয় | | ৩,০০,০০০ | | ২,৯০,০০০ |
| ভাড়া খরচ | ৪০,০০০ | | ৪৮,০০০ | |
| বিমা খরচ | | | ২৭,০০০ | |
| অবচয় খরচ | | | ১৪,০০০ | |
| | ৪,৬৬,০০০ | ৪,৬৬,০০০ | ৪,৮৮,০০০ | ৪,৮৮,০০০ |

ক) প্রয়োজনীয় বিপরীত দাখিলা দেখাও।

খ) প্রয়োজনীয় সমন্বয় দাখিলা দেখাও ।

গ) ১০ ঘর বিশিষ্ট একটি কার্যপত্র প্রস্তুত কর।

**বিশেষ পরামর্শ/মন্তব্য:**

- এই অধ্যায় থেকে প্রাক-নির্বাচনি, নির্বাচনি ও বোড পরীক্ষায় কমপক্ষে ১টি সৃজনশীল থাকবে। অতএব, বিভিন্ন শিক্ষা বোর্ডের ২০১৭, ২০১৮ ও ২০১৯ সালের প্রশ্নগুলির ওপর ভালোভাবে প্রস্তুতি নিবে।
- ব্যবহারিক সমস্যা নিয়েও বহুনির্বাচনি প্রশ্ন হয়। অতএব, বিগত ২০১৭, ২০১৮ ও ২০১৯ সালের বিভিন্ন শিক্ষা বোর্ডের প্রশ্নগুলির ওপরও ভালোভাবে প্রস্তুতি নিবে।

<><><><><><><><><><><><><><>

## বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

**পাঠ পরিকল্পনা - ০৪**

**হিসাববিজ্ঞান প্রথমপত্র**

**সপ্তম অধ্যায়: কার্যপত্র**

**ক্লাস-০৬**

**সময়: ৪৫ মিনিট**

**আলোচ্য সূচি:**

- কার্যপত্র প্রস্তুত সংক্রান্ত ব্যবহারিক সমস্যার সমাধান (ক্রয়-বিক্রয়কারী ব্যবসায় প্রতিষ্ঠান)

**শিখনফল (Learning Outcome):**

- মুনাফা ও মূলধন জাতীয় আয়-ব্যয় শনাক্ত করে কার্যপত্র প্রস্তুত করতে পারবে।

**নমুনা প্রশ্ন :**

বিদ্যাসাগর ট্রেডার্স-এর ২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখের প্রস্তুতকৃত রেওয়ামিল নিচে দেয়া হলো:

| বিবরণ | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| অগ্রিম বিমা | ২০,০০০ | |
| দেনাদার | ২১,০০০ | |
| খুচরা যন্ত্রাংশ | ১৫,০০০ | |
| মজুদ পণ্য | ২২,০০০ | |
| আসবাবপত্র | ৩০,০০০ | |
| পাওনাদার | | ১৭,০০০ |
| মূলধন | | ৭০,০০০ |
| বিক্রয় | | ১,২৮,০০০ |
| বিক্রিত পণ্যের ব্যয় | ৮৩,০০০ | |
| বেতন | ২৪,০০০ | |
| | ২,১৫,০০০ | ২,১৫,০০০ |

**অন্যান্য তথ্যাদি:**

(১) অগ্রিম বিমার ১২,০০০ টাকা মেয়াদ উত্তীর্ণ হয়েছে।

(২) বেতন বাবদ ৪,৮০০ টাকা বকেয়া রয়েছে।

(৩) আসবাবপত্র ও খুচরা যন্ত্রাংশের ওপর ১০% হারে অবচয় ধরতে হবে।

**করণীয়সমূহ:**

ক) বিক্রয়যোগ্য পণ্যের ব্যয় নির্ণয় কর।

খ) উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে সমন্বয় দাখিলা দাও।

গ) উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে ৬ ঘরবিশিষ্ট কার্যপত্র (সমন্বিত রেওয়ামিল পর্যন্ত) প্রস্তুত কর।

**বাড়ীর কাজ :**

একতা এন্টারপ্রাইজ-এর ২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিম্নরূপ:

| বিবরণ | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| হাতে নগদ | ১৭,০০০ | |
| প্রাপ্য হিসাব | ৮,০০০ | |
| আসবাবপত্র | ৩০,০০০ | |
| প্রারম্ভিক মজুদ | ১০,০০০ | |
| ১০% প্রদেয় নোট | | ১৫,০০০ |
| মূলধন | | ৫০,০০০ |
| বিক্রয় | | ৬০,০০০ |
| ক্রয় | ২৫,০০০ | |
| বেতন | ১৫,০০০ | |
| অফিস ভাড়া | ২০,০০০ | |
| | ১,২৫,০০০ | ১,২৫,০০০ |

**অন্যান্য তথ্যাদি:**

(১) ধারে বিক্রয় ৬,২৫০ টাকা, যা হিসাবভুক্ত হয়নি।

(২) বকেয়া বেতন ৫,০০০ টাকা।

(৩) দুই মাসের অফিস ভাড়া বকেয়া রয়েছে।

(৪) সমাপনী মজুদ পণ্য ৭,৫০০ টাকা।

**করণীয়সমূহ:**

ক) উপর্যুক্ত সমন্বয়গুলোর সমন্বয় দাখিলা দাও।

খ) উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে ১০ ঘরবিশিষ্ট কার্যপত্র প্রস্তুত কর।

গ) উপর্যুক্ত তথ্যের প্রয়োজনীয় সমাপনী দাখিলা দাও।

**বিশেষ পরামর্শ/মন্তব্য:**

✪ এই অধ্যায় থেকে প্রাক-নির্বাচনি, নির্বাচনি ও বোড পরীক্ষায় কমপক্ষে ১টি সৃজনশীল থাকবে। অতএব, বিভিন্ন শিক্ষা বোর্ডের ২০১৭, ২০১৮ ও ২০১৯ সালের প্রশ্নগুলির ওপর ভালোভাবে প্রস্তুতি নিবে।

✪ ব্যবহারিক সমস্য নিয়েও বহুনির্বাচনি প্রশ্নও হয়। অতএব, বিগত ২০১৭, ২০১৮ ও ২০১৯ সালের বিভিন্ন শিক্ষা বোর্ডের প্রশ্নগুলির ওপরও ভালোভাবে প্রস্তুতি নিবে।

<><><><><><><><><><><><><><><><><><><><><>